

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৮১৮

২. ঋতুস্রাব (کتاب الحیض)

পরিচ্ছেদঃ ১. ইসতিহাযা (রক্তপ্রদরের রোগিণী)

## আরবী

## বাংলা

৮১৮(৫৬). মুহাম্মাদ ইবনে সাহল ইবনুল ফাদল আল-কাতেব (রহঃ) ... ইবনে আবু মুলায়কা (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমার খালা ফাতেমা বিনতে আবু হুবায়েশ (রাঃ) আয়েশা (রাঃ)-এর নিকট এসে বললেন, আমার আশংকা হচ্ছে, আমি জাহান্নামে পতিত হব। আমি নামায হেড়ে দিয়েছি। আমি দুই বছর অথবা কয়েক বছর যাবত নামায পড়ছি না। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ফিরে আসা পর্যন্ত আপনি অপেক্ষা করুন। অতএব নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এলে তিনি বললেন, এই যে ফাতেমা, তিনি এই এই কথা বলেছেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বলেনঃ তুমি তাকে (ফাতেমাকে) বলে দাও, সে যেন প্রতি মাসে হায়েযের কয়দিন নামায ত্যাগ করে, তারপর প্রতিদিন একবার গোসল করবে এবং প্রতি ওয়াক্ত নামাযের জন্য পবিত্রতা অর্জন করবে (উযু করবে)। এটা (জরায়ুর) অসুস্থতা অথবা শয়তানের আঘাত অথবা শিরার রক্ত যা ফেটে গেছে।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ প্নঃনিরীক্ষিত



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 80607$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন